গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৪৭.২৩.২২

তারিখ: ২ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **নীলফামারী জেলার জলঢাকা উপজেলাধীন গোলনা শহীদ স্মৃতি কলেজের প্রভাষক (যুক্তিবিদ্যা) জনাব সেলিনা বেগমের বিরুদ্ধে দুই প্রতিষ্ঠান থেকে বেতন তোলার অভিযোগ তদন্ত।**

সূত্র: দৈনিক শিক্ষাডটকম পত্রিকায় ১৫/১১/২০২৩ খ্রি. তারিখে প্রকাশিত "দুই শিক্ষা প্রতিষ্ঠান থেকে বেতন তোলেন শিক্ষিকা" শীর্ষক প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার জলঢাকা উপজেলাধীন গোলনা শহীদ স্মৃতি কলেজের প্রভাষক (যুক্তিবিদ্যা) জনাব সেলিনা বেগমের বিরুদ্ধে দুই প্রতিষ্ঠান থেকে বেতন তোলার অভিযোগে দৈনিক শিক্ষাডটকম পত্রিকায় ১৫/১১/২০২৩ খ্রি. তারিখের "দুই শিক্ষা প্রতিষ্ঠান থেকে বেতন তোলেন শিক্ষিকা" শীর্ষক প্রতিবেদন প্রকাশিত হয় (কপি সংযুক্ত)। উক্ত অভিযোগের বিষয়টি সরেজমিন তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন আগামী ১৪ (চৌদ্দ) কর্মদিবসের মধ্যে দাখিলের জন্য অধ্যক্ষ, নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী এবং তার মনোনীত একই কলেজের দুইজন বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার কর্মকর্তাকে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।

২। সংশ্লিষ্ট কর্মকর্তা বিধি মোতাবেক টিএ/ডিএ প্রাপ্য হবেন।

১৬-০১-২০২৪
তপন কুমার দাস
সহকারী পরিচালক
০২-৯৫৫৬০৫৭
ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ, নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী।

**স্মারক নম্বর:**

তারিখ: ২ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, পরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রংপুর অঞ্চল, রংপুর;
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৩। জেলা শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব ), জেলা শিক্ষা অফিস, নীলফামারী;
৪। সভাপতি, গভর্নিংবডি, গোলনা শহীদ স্মৃতি কলেজ, জলঢাকা, নীলফামারী;
৫। অধ্যক্ষ, গোলনা শহীদ স্মৃতি কলেজ, জলঢাকা, নীলফামারী এবং
৬। সংরক্ষণ নথি।

১৬-০১-২০২৪
তপন কুমার দাস
সহকারী পরিচালক

দৈনিক শিক্ষাডটকম
dainikshiksha.com

# দুই শিক্ষা প্রতিষ্ঠান থেকে বেতন তোলেন শিক্ষিকা

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
(বেসরকারী কলেজ শাখা)
প্রাপ্তি নং- ২৬
তারিখ: ২২/১১/২৩
প্রধান সহকারী


জলঢাকা (নীলফামারী) প্রতিনিধি | ১৫ নভেম্বর, ২০২৩

তথ্য গোপন করে নীলফামারীর জলঢাকায় দুই শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত রয়েছেন সেলিনা বেগম নামে এক শিক্ষিকা। এছাড়াও শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত উপস্থিতি দেখিয়ে দুইটি প্রতিষ্ঠান থেকে বেতন ভোগ করছেন তিনি। অনুসন্ধানে এমনি তথ্য এসেছে এ দৈনিক শিক্ষাডটকমের হাতে এসেছে।





একাধিক সূত্রের দেয়া তথ্যে জানা গেছে, উপজেলার গোলনা শহীদ স্মৃতি কলেজে ২০০৪ খ্রিষ্টাব্দের যুক্তিবিদ্যা বিভাগে প্রভাষক পদে যোগদান করেন সেলিনা বেগম। পরবর্তীতে ২০২২ খ্রিষ্টাব্দের ৬ জুলাই কলেজটি এমপিওভুক্ত হয়। চলতি বছরের জুন মাস থেকে প্রতিষ্ঠানের শিক্ষকদের নিয়মিত বেতন ভাতা চালু হয়।

অপর দিকে ২০০৮ খ্রিষ্টাব্দে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনস্থ বিয়াম ফাউন্ডেশন পরিচালিত বিয়াম ল্যাবরেটরি স্কুল জলঢাকা শাখায় সিনিয়র সহকারী শিক্ষিকা হিসেবে যোগদান করেন তিনি। সেলিনা বেগম1 বিয়াম ল্যাবরেটরি স্কুলে মাসিক ১০ হাজার টাকা বেতনে নিয়োগপ্রাপ্ত শিক্ষিকা হিসেবেই কর্মরত রয়েছেন। এমপিওভুক্ত শিক্ষক হওয়া সত্ত্বেও নিয়ম নীতির তোয়াক্কা না করে তথ্য গোপন করে তিনি দুই শিক্ষা প্রতিষ্ঠানের হাজিরা খাতায় নিয়মিত উপস্থিতি দেখিয়ে দুই প্রতিষ্ঠান থেকেই বেতন ভাতাসহ সব সুযোগ সুবিধা ভোগ করছেন।




এ বিষয়ে জানতে চাইলে অভিযুক্ত শিক্ষিকা সেলিনা বেগম দৈনিক শিক্ষাডটকমকে বলেন, আমি আগে বিয়াম ল্যাবরেটরি স্কুলের চাকরি ছেড়ে দিয়েছি,আপনি উপজেলা নির্বাহী অফিসার ও বিয়াম স্কুলের অধ্যক্ষের সঙ্গে কথা বলেন।

জানতে চাইলে জলঢাকার বিয়াম ল্যাবরেটরি স্কুলের ভারপ্রাপ্ত অধ্যক্ষ তছলিম উদ্দীন দৈনিক শিক্ষাডটকমকে বলেন, ২০০৮ খ্রিষ্টাব্দ থেকে থেকে ২০২৩ খ্রিষ্টাব্দে নভেম্বর পর্যন্ত মাসিক ১০ হাজার টাকা বেতনে শিক্ষিকা সেলিনা বেগম আমাদের স্কুলে কর্মরত রয়েছেন। অন্য প্রতিষ্ঠানে চাকরি করার বিষয়টি আমার জানা নেই।




জানতে চাইলে গোলনা শহীদ স্মৃতি কলেজের অধ্যক্ষ নুরল ইসলাম দৈনিক শিক্ষাডটকমকে বলেন, সেলিনা বেগম আমাদের কলেজে নিয়মিত আসছেন,অন্য প্রতিষ্ঠানে চাকরি করার বিষয়টি আমি জানি না।

উপজেলা নির্বাহী অফিসার ও জলঢাকা বিয়াম ল্যাবরেটরি স্কুলের সভাপতি ময়নুল ইসলাম দৈনিক শিক্ষাডটকমকে বলেন, সেলিনা বেগম একইসঙ্গে দু'টি প্রতিষ্ঠানের উপস্থিতি কিভাবে ম্যানেজ করেন তা আমি জানি না, তবে এখন তিনি পার্টটাইম ক্লাস নিচ্ছেন।

© সর্বস্বত্ব সংরক্ষিত ২০১০-২০২৩
এই ওয়েবসাইটের কোনো লেখা, ভিডিও বা ছবি অনুমতি ছাড়া কোথাও প্রকাশ করা সম্পূর্ণ বেআইনি

Privacy Policy | Founded in 2010

**সম্পাদক:** সিদ্দিকুর রহমান খান
**যোগাযোগ:** সম্পাদকীয় ও বার্তা যোগাযোগ : ঢাকা ট্রেড সেন্টার, লেভেল-পাঁচ, ৯৯ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা -১২১৫।
ফোন: +88-02-2222224057 (নিউজ);+88-01886458534(নিউজ) +88-01752-443015 (বিজ্ঞাপন)
**ই-মেইলঃ** dainikshiksha@gmail.com(নিউজ) newsamaderbarta@gmail.com
**বিজ্ঞাপনঃ** +88-01757-514061(নগদ ও বিকাশ) ই-মেইল- ad.dainikshiksha@gmail.com

Close
Execution time: 0.003960132598877